



Ref. No. _____ / SC / _____

Date _____ 28.09.2020

★ ★ বিজ্ঞপ্তি ★ ★

এতদ্বারা শান্তিপুর কলেজের তৃতীয় বর্ষের সকল পরীক্ষার্থীদের বিশেষভাবে জানানো যাচ্ছে যে, আগামী ১লা অক্টোবর ২০২০ তারিখ থেকে **[BA/BSc/BCom (3 Year Degree) Part-III Examination - 2020(Blended Mode)]** পরীক্ষা আরম্ভ হচ্ছে। উক্ত পরীক্ষার্থীরা কিভাবে পরীক্ষা দেবে তা জানানো হচ্ছে।

১. ছাত্র-ছাত্রীরা তাদের **Roll Number** ও **Registration Number** কলেজ ওয়েবসাইট (<https://www.santipurcollege.in>) থেকে দেখে নেবে।

২. ছাত্র-ছাত্রীরা তাদের জন্য নির্ধারিত প্রশ্নপত্র সূচি অনুসারে নির্ধারিত দিনে সংশ্লিষ্ট পরীক্ষা শুরুর আধ ঘণ্টা আগে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট(<https://www.klyuniv.ac.in/>) এবং কলেজ ওয়েবসাইটের (<https://www.santipurcollege.in>) নির্দিষ্ট ওয়েব পোর্টাল থেকে **download** করতে পারবে।

৩. পরীক্ষার প্রশ্নের উত্তর লিখবার জন্য **A4** সাইজের কাগজ ব্যবহার করতে হবে এবং এই কাগজের একটি দিকেই উত্তর লেখা যাবে। লিখিত পত্রগুলির প্রত্যেকটিতে পেজ নং **[যেমন : ১, ২, ৩ ইত্যাদি]** দিতে হবে। উত্তরপত্রের প্রত্যেকটি পত্রে আবশ্যিকভাবে **Registration No., Roll No., Subject** ও **paper** নির্ভুলভাবে ও স্পষ্ট করে লিখতে হবে।

৪. পরীক্ষা শেষ হওয়ার নির্ধারিত সময়ের আধ ঘন্টার মধ্যে উত্তরপত্রগুলি প্রত্যেকটি পত্র সুস্পষ্টভাবে **Scan** করে একটি **PDF file** তৈরি করে কলেজ ওয়েবসাইটের (<https://www.santipurcollege.in>) নির্দিষ্ট ওয়েব পোর্টালে **upload** করতে হবে। এছাড়াও কেউ যদি নির্দিষ্ট ওয়েব পোর্টালে **upload** করতে অসমর্থ হয় তবে প্রত্যেক বিভাগের যেকোনো একটি **e-mail id** ও **Whatsapp No.** -এ **upload** করতে পরবে, যে বিষয়ের উত্তরপত্র সেই বিভাগের একটি **e-mail id** ও **Whatsapp No.** -এ **upload** করবে।

উত্তরপত্র **upload** করার সম্পূর্ণ পক্রিয়াটি পরীক্ষা সমাপ্তির অনধিক দুই ঘন্টার মধ্যে সম্পন্ন করতে হবে।

৫. কলেজ ওয়েবসাইটে (<https://www.santipurcollege.in>) পরীক্ষার জন্য নির্দিষ্ট ওয়েব পোর্টালে ঢুকবার আগে ছাত্র-ছাত্রীদের একটি **id** এবং **password** দিতে হবে। **id** – হিসাবে নিজস্ব **Roll No.** এবং **password** – হিসাবে নিজস্ব **Registration No.** প্রদান করতে হবে।

৬. যে সব ছাত্র-ছাত্রীরা আর্ন্তজালিক ব্যবস্থার অপ্রাপ্যতার কারণে **Online Submission** করতে সক্ষম হবে না, তারা উত্তরপত্র জমা করার ব্যাপারে পূর্ববর্তী পরীক্ষা-বিষয়ক-বিজ্ঞপ্তিটিতে বিস্তারিত ও স্পষ্টভাবে নির্দেশ দেওয়া রয়েছে। সংশ্লিষ্ট পরীক্ষা শেষের অব্যবহতির পরেই তাদের বিষয়টিকে মাননীয় অধ্যক্ষার দৃষ্টিগোচরে আনতে হবে। তারপর অধ্যক্ষার নির্দেশ পাওয়ার পরেই তারা মুখ বন্ধ খামে তাদের নিজস্ব উত্তরপত্র পূর্ণ করে, খামের উপর **Registration No., Roll No., Subject** ও **paper** যথাযথভাবে উল্লেখ করে নির্দিষ্ট সময়ের মধ্যে কলেজ অফিসে জমা করতে পারবে। এই প্রসঙ্গে পুনরায় পরীক্ষার্থীদের স্মরণ করানো হচ্ছে, বিশেষ জরুরি পরিস্থিতি অথবা অপ্রতিরোধ্য কারণ প্রদর্শন ছাড়া কলেজে উপস্থিত হয়ে কোন উত্তরপত্র জমা করা যাবে না। **Online** মাধ্যমেই উপরিলিখিত পদ্ধতিতে উত্তরপত্র জমা করতে হবে।

আদেশানুসারে

ডঃ চন্দ্রিমা ভট্টাচার্য্য

অধ্যক্ষা, শান্তিপুর কলেজ